রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
অর্ধ-বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন - ২০২৪
বিষয় ঃ বাংলাদেশ বিশ্বপরিচয়
শ্রেণি ঃ পঞ্চম

অধ্যায় - ০১ - ০৭ (আমাদের মুক্তিযুদ্ধ , ব্রিটিশ শাসন ,বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন ,আমাদের অর্থনীতি: কৃষি ও শিল্প , জনসংখ্যা , জলবায়ু ও দুর্যোগ , মানবাধিকার)

**১। সংক্ষেপে উত্তর দাওঃ**

১। এমন পাঁচটি ঘটনার কথা লেখ যা মুক্তিযুদ্ধ সংঘটনে ভূমিকা রেখেছিল।
২। আজ থেকে কত বছর আগে মুক্তিযুদ্ধ হয়েছিল।
৩। মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় উপাধিগুলো কী কী?
৪। অপারেশন সার্চলাইট কী?
৫। মুক্তিযুদ্ধের অবিসংবাদিত নেতা কে ছিলেন?
৬। মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন কে?
৭। 'অপারেশন জ্যাকপট' কী?
৮। সিপাহী বিদ্রোহের পাঁচটি কারণ লেখ।
৯। ব্রিটিশ শাসনের দুইটি ভালো ও দুইটি খারাপ দিক উল্লেখ কর।
১০। বাংলার নবজাগরনে কারা অবদান রেখেছেন?
১১। বাংলার শেষ নবাব কে ছিলেন?
১২। ঘষেটি বেগম কে ছিলেন?
১৩। নবজাগরণ কী?
১৪। ইস্ট-ইন্ডিয়া কোম্পানি কত বছর এ দেশ শাসন করে?
১৫। দুইটি প্রাচীন নিদর্শনের নাম লেখ।
১৬।অষ্টম শতকে কোন ধর্ম পালিত হয়?
১৭। প্রাচীন নিদর্শনগুলো কারা আবিষ্কার করেন?
১৮। ময়নামতিতে প্রাপ্ত দুইটি নিদর্শনের নাম লেখ।
১৯। আহসান মঞ্জিল প্রাসাদের দুইটি বৈশিষ্ট্য লেখ।
২০। মহাস্থানগড় কোথায় অবস্থিত?
২১। ময়নামতি কে ছিলেন?
২২। আমাদের দেশের পাঁচটি শস্যের নাম লেখ।
২৩। আমাদের দেশের তিনটি বৃহৎ শিল্পের নাম লেখ।
২৪। আমাদের দেশের তিনটি ক্ষুদ্র শিল্পের নাম লেখ।
২৫। জাতীয় অর্থনীতির শতকরা কত ভাগ কৃষি থেকে আসে?
২৬। অর্থকরী ফসল কাকে বলে?
২৭। বাংলাদেশের দুইটি কুটির শিল্পের নাম লেখ।
২৮। পরিবারের উপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব উল্লেখ কর।
২৯। সমাজের উপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব উল্লেখ কর।
৩০। জনসংখ্যা সমস্যার তিনটি সমাধান লেখ।
৩১। ছিন্নমূল শিশুরা মানবেতর জীবনযাপন করে কেন?
৩২। অর্থনৈতিক উন্নয়নের একটি শর্ত লেখ।
৩৩। কাদের উপার্জিত অর্থ দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করছে?
৩৪। দুর্যোগের দুটি প্রাকৃতিক কারণ উল্লেখ কর।
৩৫। দুর্যোগের দুটি মানবসৃষ্ট কারণ উল্লেখ কর।
৩৬। বাংলাদেশের জলবায়ু পরিবর্তনের তিনটি কারণ উল্লেখ কর।

৩৭। নদীর পাড় রক্ষায় কোন সংস্থা কাজ করে?

৩৮। বাংলাদেশে ভূমিকম্পের ঝুঁকি রয়েছে কেন?

৩৯। বড় ধরনের ভূমিকম্পের দ্বিতীয় ঝুঁকি হিসেবে কী হওয়ার আশঙ্কা রয়েছে?

৪০। অটিস্টিক শিশুর তিনটি বৈশিষ্ট্য লেখ।

৪১। শিশু অধিকার লঙ্ঘনের তিনটি উদাহরণ দাও।

৪২। নারী অধিকার লঙ্ঘনের তিনটি উদাহরণ দাও।

৪৩। অটিজম কী?

৪৪। কত তারিখে মানবাধিকার সর্বজনীন ঘোষণাপত্র অনুমোদিত হয়?

৪৫। শিশু শ্রম কী?

**অধ্যায়– ০১(আমাদের মুক্তিযুদ্ধ)**

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করঃ**
ক) পূর্ব ও পশ্চিম পাকিস্তান নিয়ে গঠিত হয় .......... ।
খ) মুক্তিযুদ্ধে সমগ্র ---------- ------- জড়িয়ে পড়েন।
গ) ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে .......... নিরঙ্কুশ বিজয় লাভ করে।
ঘ) ........ ধ্বনি ছিল মুক্তিযোদ্ধাদের প্রিয় স্লোগান।
ঙ) মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গেও জন্য সর্বোচ্চ --------- উপাধি দেওয়া হয়।
চ) জেনারেল ওসমানি --------- নামে পরিচিত ছিলেন।

**অধ্যায়- ০২(ব্রিটিশ শাসন)**

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করঃ**
ক) -------- করার উদ্দেশ্যে বাংলায় ইংরেজদের আগমন ঘটে।
খ) বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল বাংলা .......... সালে।
গ) উনিশ শতকে বাংলায় .......... ঘটে।
ঘ) ........ সালে বঙ্গভঙ্গ রদকরা হয়।
ঙ) ১৯০৬ সালে --------- নামে রাজনৈতিক দল গঠন করা হয়।

**অধ্যায়- ০৩(বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন)**

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করঃ**
ক) মহাস্থানগড় মৌর্য আমলে -------- নামে পরিচিত ছিল ।
খ) --------- শেখ এনায়েতুল্লাহ্ আহসান মঞ্জিল নির্মাণ করেন।
গ) --------- সালে বাংলাদেশ সরকার আহসান মঞ্জিল তত্ত্বাবধানের দায়িত্ব নেয়।
ঘ) পাহাড়পুর --------- বিভাগের নওগাঁ জেলায় অবস্থিত।
ঙ) ময়নামতি --------- সভ্যতার কেন্দ্র ছিল।

**অধ্যায়- ০৪(আমাদের অর্থনীতি: কৃষি ও শিল্প)**

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করঃ**
ক) আমাদের -------- শিল্পের জন্য সিমেন্ট দরকার হয় ।
খ) বাংলাদেশ একটি উর্বর ------- অঞ্চল।
গ) শীতকালে -------- চাষ করা হয়।
ঘ) পাট আমাদের প্রধান --------- ফসল।
ঙ) গৃহস্থালির নানা কাজে --------- তৈরি জিনিস ব্যবহার করা হয়।

**অধ্যায়- ০৫(জনসংখ্যা)**

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করঃ**
ক) মানুষের মৌলিক চাহিদার অন্যতম হচ্ছে -------- ।
খ) কাজের খোঁজে গৃহহীন মানুষ -------- চলে আসছে।
গ) জনসম্পদ হচ্ছে কোনো দেশের --------।
ঘ) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন কাজের --------- দেওয়া হয়।
ঙ) আমদানির তুলনায় রপ্তানির পরিমাণ --------- করতে হবে

**অধ্যায়- ০৬(জলবায়ু ও দুর্যোগ)**

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করঃ**

ক) জলবায়ু পরিবর্তনের ফলে -------- প্রকোপ বেড়ে যাচ্ছে।
খ) বিভিন্ন কারণে বিশ্বের -------- বদলে যাচ্ছে।
গ) দুর্যোগ মোকাবেলায় কাজ করে -------- ও -------- মন্ত্রণালয়।
ঘ) বন্যা নদীভাঙ্গনের অন্যতম --------- কারণ।
ঙ) ভূমিকম্পের সময় পুরোপুরি --------- থাকতে হয়

অধ্যায়– ০৭(মানবাধিকার)

**২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর:**
ক) সমাজে সবার সমান মর্যাদা পাওয়া একটি মৌলিক --------।
খ) সকল সুযোগ-সুবিধা পাওয়ার অধিকার হচ্ছে -------।
গ) মানুষ জন্মগতভাবে --------।
ঘ) অটিজম কোনো --------- রোগ নয়।
ঙ) অটিজম একটি --------- বিকাশগত সমস্যা।

অধ্যায়- ( ০১ থেকে ০৭)

৩। মিলকরণ কর:

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ক) বাংলাদেমের প্রথম সরকার | ১) সিরাজ-উদ-দৌলা। |
| খ) বীরত্বসূচক তৃতীয় রাষ্ট্রীয় উপাধি হলো | ২) ১৯৪৭ সালে । |
| গ) বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন | ৩) তিতুমির। |
| ঘ) ইংরেজরা ভারত ত্যাগ করতে বাধ্য হয় | ৪) মুজিবনগর সরকার। |
| ঙ) বাঁশের কেল্লা | ৫) বীর বিক্রম । |
| চ) সোনারগাঁও অবস্থিত | ৬) বাংলাদেশের সিলেট ও চট্টগ্রামে। |
| ছ) গোপন সুড়ঙ্গ পথ রয়েছে | ৭) ধামরাই । |
| জ) চা বেশি উৎপন্ন হয় | ৮) লালবাগ দুর্গে । |
| ঝ) বাংলাদেশে প্রায় ১০ লক্ষ | ৯) নারায়ণগঞ্জ জেলায় । |
| ঞ) পরিবেশ দূষণ রোধে | ১০) নিষিদ্ধ। |
| ট) কাঁসা শিল্প | ১১) মানুষ গৃহহীন। |
| ঠ) দীর্ঘ সময়ের অতিবৃষ্টি | ১২) জনসচেতনতা সৃষ্টি করতে হবে। |
| ড) গাছের শিকড় | ১৩) একে অপরের থেকে আলাদা । |
| ঢ) শিশুশ্রম | ১৪) মাটির মধ্যকার পানি ধরে রাখে। |
| ণ) প্রতিটি শিশুই | ১৫) বন্যা।<br>১৬) পরিষ্কার করা যায়।<br>১৭) অক্সিজেন। |

অধ্যায়– ০১(আমাদের মুক্তিযুদ্ধ)

**৪। নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাও:**

ক) মুক্তিযুদ্ধে ভারত আমাদের কীভাবে সাহায্য করেছিল?

খ) বুদ্ধিজীবীদের কারা হত্যা করেছিল?

গ) আমরা এখন কীভাবে আমাদের স্বাধীনতাদিবস উদযাপন করি?

ঘ) মুক্তিযুদ্ধ কী? মুক্তিযুদ্ধ হয়েছিল কেন? মুক্তিযুদ্ধের চারটি ফলাফল বা তাৎপর্য লেখ।

ঙ) অপারেশন সার্চলাইট কী? অপারেশন সার্চলাইট কেন পরিচালিত হয়েছিল? অপারেশন সার্চলাইটের চারটি ক্ষতিকর দিক লেখ।

অধ্যায়- ০২(ব্রিটিশ শাসন)

**৪। নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাও:**
ক) পলাশীর যুদ্ধের ফলাফল সম্পর্কে লেখ।

খ) সিপাহী বিদ্রোহে বাংলার ভূমিকা কী ছিল?

গ) সাহিত্যিকগণ রাজনৈতিক আন্দোলনে কী ধরনের ভূমিকা পালন করতে পারেন?

ঘ) সিরাজ-উদ-দৌলা কত বছর বয়সে নবাব হন? তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করা হয়েছিল কেন? নবাবের পরাজয়ের চারটি কারণ লেখ।

ঙ) পলাশির যুদ্ধ কত সালে সংঘটিত হয়েছিল? এ যুদ্ধ সংঘটিত হয়েছিল কেন? পলাশির যুদ্ধের চারটি ফলাফল লেখ।

### অধ্যায়- ০৩(বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন)

**৪ । নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

ক) ঐতিহাসিক নিদর্শনগুলো কোথায় রাখা হয়?

খ) ঐতিহাসিক নিদর্শন পরিদর্শনের কারণসমূহ লেখ।

গ) ঐতিহাসিক নিদর্শনগুলো আমাদের সংরক্ষণ করা উচিত কেন?

ঘ) পাহাড়পুর কোন জেলায় অবস্থিত? এটি নির্মাণ করা হয়েছিল কেন? পাহাড়পুর সম্পর্কে চারটি বাক্য লেখ।

### অধ্যায়- ০৪(আমাদের অর্থনীতি: কৃষি ও শিল্প)

**৪ । নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

ক) বৈদেশিক মুদ্রা অর্জনে কৃষি আমাদের কীভাবে সহায়তা করে?

খ) আমাদের পোশাক শিল্পের কিছু গুরুত্বপূর্ণ দিক বর্ণনা কর।

গ) বৃহৎ শিল্প ও ক্ষুদ্র শিল্পের মধ্যে পার্থক্য কী?

ঘ) পাট কী? পাটকে সোনালি আঁশ বলা হয় কেন? পাটের চারটি ব্যবহার লেখ।

### অধ্যায়- ০৫(জনসংখ্যা)

**৪ । নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

ক) অধিক খাদ্য উৎপাদনের মাধ্যমে আমাদের দেশের জনগণ কীভাবে উপকৃত হতে পারে?

খ) শ্রমশক্তি রপ্তানির মাধ্যমে আমরা কীভাবে উপকৃত হতে পারি?

গ) কারিগরি প্রশিক্ষণ বৃদ্ধির মাধ্যমে আমরা কীভাবে উপকৃত হতে পারি?

ঘ) মৌলিক চাহিদা কী? মৌলিক চাহিদা পূরণ হওয়া প্রয়োজন কেন? চারটি মৌলিক চাহিদার নাম লেখ।

### অধ্যায়- ০৬(জলবায়ু ও দুর্যোগ)

**৪ । নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

ক) বাংলাদেশের কোন অঞ্চলগুলোতে নদী ভাঙ্গনের প্রবনতা রয়েছে? কেন?

খ) বাংলাদেশের কোন অঞ্চলগুলোতে ক্ষরা বেশি হয়?

গ) বাংলাদেশের কোন অঞ্চলগুলো ভূমিকম্পপ্রবণ?

ঘ) ভূমিকম্প কী? বাংলাদেশ ভূমিকম্প ঝুঁকির মধ্যে রয়েছে কেন? ভূমিকম্পের ঝুঁকি মোকাবিলায় চারটি করণীয় লেখ।

### অধ্যায়– ০৭(মানবাধিকার)

**৪ । নিচের কাঠামোবদ্ধ প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

ক) কোন প্রতিষ্ঠান মানবাধিকারকে প্রথম স্বীকৃতি প্রদান করে? কখন?

খ) শিশুশ্রমের কারণে শিশুরা কোন অধিকারগুলো থেকে বঞ্চিত হয়?

গ) মানব পাচার বলতে কী বোঝায়?

ঘ) মানবাধিকার কী? মৌলিক মানবাধিকারগুলো লেখ।